

যুগান্তর

প্রিন্ট: ২১ সেপ্টেম্বর ২০২৫, ০৩:৪৪ পিএম

শিক্ষার্জন

একাদশে ভর্তি শেষ ধাপে আবেদন শুরু



যুগান্তর ডেক্স

প্রকাশ: ২১ সেপ্টেম্বর ২০২৫, ০২:০২ পিএম



২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির প্রতিত শিক্ষার্থীদের জন্য শেষবারের মতো আবেদনের সুযোগ দেওয়া হয়েছে। রোববার (২১ সেপ্টেম্বর) সকাল ১০টা থেকে এই প্রক্রিয়া শুরু হয়েছে এবং যা চলবে সোমবার (২২ সেপ্টেম্বর) রাত ১০টা পর্যন্ত।

আবেদনের ফল প্রকাশ হবে ২৪ সেপ্টেম্বর রাত ৮টায়।

এর আগে তিনি ধাপে মোট ১০ লাখ ৬৬ হাজার ১৬৩ জন শিক্ষার্থী ভর্তির জন্য নির্বাচিত হলেও, পাঁচ হাজার ২৪০ জন শিক্ষার্থী কোনো কলেজে ভর্তির সুযোগ পাননি।

এর মধ্যে ২৯৫ জন জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীও রয়েছেন। তাদের কথা বিবেচনা করে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এই চতুর্থ ধাপের আবেদন শুরু করেছে।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ফল প্রকাশের পর চতুর্থ ধাপের শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন করতে হবে। নিশ্চায়ন প্রক্রিয়া চলবে ২৫ সেপ্টেম্বর থেকে ২৬ সেপ্টেম্বর রাত ৮টা পর্যন্ত। কলেজে ভর্তি হতে হবে ২৮ সেপ্টেম্বর থেকে ২৯ সেপ্টেম্বরের মধ্যে। এরপর আর কলেজে ভর্তির কোনো সুযোগ থাকবে না।

শিক্ষার্থীদের নির্ধারিত ভর্তির ওয়েবসাইটের www.xiclassadmission.gov.bd পূর্ণসং নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজে আবেদন করতে হবে।

কারা আবেদন করতে পারবে

২০২৫-২৬ শিক্ষাবর্ষে শেষ ধাপে অনলাইনে সেসব শিক্ষার্থী আবেদন করতে পারবেন, যারা আগে তিনি ধাপে আবেদন করেনি বা আবেদন করে কলেজ সিলেকশন পায়নি।

এছাড়া যেসব শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে, কিন্তু কোনো কারণে কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি; তারাও আবেদনের সুযোগ পাবেন।

